


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-১ শাখা।
www.mopa.gov.bd

নং- ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০- ২৭৭

তারিখ : ২২ কার্তিক, ১৪২৩
২৭ অক্টোবর, ২০১৬

বিষয় : বিভাগীয় নির্বাচন কমিটি গঠন সংক্রান্ত ।

মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/পরিদপ্তরের ক্ষেত্রে রাজস্ব খাতভুক্ত ১৩তম গ্রেড থেকে ২০তম গ্রেডের (৩য় ও ৪র্থ শ্রেণি) পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫/০৫/২০১৩ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩ নম্বরে একটি স্মারকপত্র জারি করা হয়। স্মারকপত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর জন্য যুগ্মসচিব-কে এবং অধিদপ্তর/পরিদপ্তর এর জন্য পরিচালক/সদস্য(যুগ্মসচিব পদ মর্যাদা সম্পন্ন)-কে আহবায়ক/সভাপতি করে দুটি পৃথক কমিটি গঠনের নির্দেশনা দেয়া হয়েছে। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪/০৭/২০১৩ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-২৩৫ নং স্মারকে অধিদপ্তর/পরিদপ্তর এর ক্ষেত্রে যুগ্মসচিব পদমর্যাদার কোন কর্মকর্তা না থাকলে উপসচিব পদমর্যাদার কর্মকর্তা উক্ত কমিটির আহবায়ক/সভাপতি হতে পারবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এক্ষেপে অধিদপ্তর/পরিদপ্তরের ক্ষেত্রে রাজস্বখাতভুক্ত ১৩তম গ্রেড থেকে ২০তম গ্রেডের (৩য় ও ৪র্থ শ্রেণি) পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে অধিদপ্তর/পরিদপ্তরের নিয়োগকারী কর্তৃপক্ষ ও নিয়োগ বাছাই কমিটির সভাপতি একই ব্যক্তি হলে সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তা হলেও তার অধস্তন যুগ্মসচিব পদমর্যাদার কোন কর্মকর্তা না থাকলে উপসচিব পদমর্যাদার কর্মকর্তা উক্ত কমিটির আহবায়ক/সভাপতি হতে পারবেন।


(ড. কামাল হোসেন-নাসের চৌধুরী)
সিনিয়র সচিব

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব,সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তরকে অবহিত করার অনুরোধসহ)
- ৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
- ৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব(প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।